ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

শিশু সুরক্ষা নীতিমালা

১ম সংস্করণ
জুলাই ২০১৫ থেকে কার্যকর

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

ফোনঃ ০৭৫১-৬৩৮৭০-৭১; ফ্যাক্সঃ ০৭৫১-৬৩৮৭৭

ই-মেইলঃ akhan_ndp@yahoo.com

ওয়েবঃ www.ndpbd.org

ভূমিকাঃ

সমাজের সুযোগ-বঞ্চিত জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১৯৯২ সনের ১লা জানুয়ারি ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি প্রতিষ্ঠিত হয়। সম অধিকারভিত্তিক সমাজ গঠনে এনডিপি বদ্ধ-পরিকর। জাতিসংঘ শিশু অধিকার সনদের উপর ভিত্তি করে এনডিপি শিশু অধিকারগুলোর অগ্রগতি বা উন্নয়ন সাধনের কাজ করছে যার মধ্যে শিশুদেরকে যেকোন রকমের ক্ষতিকর প্রভাব, কোন খারাপ কাজে ব্যবহার ও শোষণ থেকে সুরক্ষার বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে। শিশুর সুরক্ষার অধিকার বাস্তবায়নে এনডিপি সক্রিয় হয়ে কার্যকর ভূমিকা গ্রহণ করে থাকে।

এনডিপি-এর সকল কর্মী এবং এনডিপি-এর সাথে অন্য যারাই বিভিন্নভাবে যুক্ত বা সম্পৃক্ত হয়ে কাজ করছেন তারা সকলেই শিশুদের সর্বোত্তম স্বার্থগুলোকে বিবেচনায় নিয়ে কাজ করবেন। শিশু সুরক্ষা নীতিমালা হল এনডিপি-এর সাংগঠনিক লক্ষ্য বিষয়ক সুস্পষ্ট ঘোষণা যা শিশুদেরকে যেকোন প্রকারের ক্ষতি থেকে সুরক্ষার প্রতিশ্রুতিকেই সকলের সামনে উপস্থাপন করে। শিশুদেরকে কোন প্রকারের অনৈতিক বা ঝুকিপূর্ণ কাজে ব্যবহার করার বিষয়টি এনডিপি-এর কাছে কোনভাবেই গ্রহণযোগ্য নয়।

ক. শিশু সুরক্ষা বাস্তবায়নের ক্ষেত্রে এনডিপি-এর লক্ষ্যঃ

শিশু সুরক্ষার ক্ষেত্রে এনডিপি-এর লক্ষ্য হল শিশুদের জন্য নিরাপদ পরিবেশ তৈরি করা যেখানে শিশুরা ঘরে-বাইরে সম্মান পাবে, সুরক্ষিত থাকবে, নিজেদের সুরক্ষার বিষয়ে ক্ষমতায়ন অর্জন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সক্রিয়ভাবে অংশ নেবে। সেই সাথে এনডিপি-এর কর্মীরা হবেন দক্ষ, আত্ম-বিশ্বাসী, যোগ্য এবং তারা সবাই শিশুদের সুরক্ষার কাজে নিয়োজিত হয়ে কার্যকরী সহযোগিতা প্রদান করবেন।

এনডিপি-এর সাংগঠনিক ঘোষণা :

শিশুদের যেকোন প্রকারের ক্ষতিকারক প্রভার থেকে সুরক্ষা করতে এবং শিশু সুরক্ষার অধিকারগুলোকে পুরোপুরি বাস্তবায়ন করতে এনডিপি প্রতিশ্রুতিবদ্ধ। শিশু সুবক্ষায় এনডিপি'র অঙ্গীকার হল-শিশুদের জন্য নিরাপদ হয় এমন কাজকর্ম ও অভ্যাসগুলোর উন্নয়নে এবং তাদেরকে যেকোন প্রকারের ক্ষতি, খারাপকাজে ব্যবহার, অবহেলা বা যেকোন প্রকারের শোষণ থেকে সুরক্ষার জন্য বিশেষ গুরুত্ব প্রদাণ করা। সেইসাথে কোন শিশুকে খারাপ কাজে ব্যবহার করতে পারে এমন ব্যক্তি যেন কোনভাবেই এনডিপি-এর সাথে যুক্ত বা সম্পৃক্ত হতে না পারে সেজন্য ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা। তদুপরি, এনডিপি-এর কোন কর্মী বা কোন সহযোগী শিশুদেরকে অনৈতিক বা ঝুকিপূর্ণ কাজে ব্যবহার করলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা।

খ. শিশু সুরক্ষা নীতিমালার আওতাধীন বিভিন্ন প্রত্যয় বা ধারণার সংজ্ঞা :

১. শিশু : ১৮ বছরের নিচে যেকোন মানব সন্তানকেই শিশু বলে সংজ্ঞায়িত করা হয়।

২. শিশু নির্যাতন : শিশু নির্যাতন বলতে যেকোন প্রকারের শারীরিক নির্যাতন, মানসিকভাবে অত্যাচার করা, যৌন নিপীড়ন ও শোষণ, অবহেলা বা তুচ্ছ-তাচ্ছিল্য করা, বাণিজ্যিক বা অন্য কোন উপায়ে শিশুদেরকে শোষণ করা এবং একটি শিশুর জন্য ক্ষতিকর হতে পারে এমন যেকোন কাজকেই শিশু নির্যাতন বলে বিবেচনা করা হবে।

শিশু নির্যাতন উদ্দেশ্যমূলক কিংবা শিশুর কোন ক্ষতি ঠেকাতে ব্যর্থ হলে শিশু নির্যাতন হতে পারে। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা প্রক্রিয়ার মাধ্যমে যদি এমন কোন কাজ (উদ্দেশ্যমূলকভাবে কিংবা অনিচ্ছাস্বত্ত্বেও যেভাবেই হোক) করা হয় যাতে কোন শিশুর ক্ষতি হয় কিংবা ঐ শিশুর নিরাপত্তা ও সুষ্ঠ উন্নয়নকে নষ্ট করে তবে ঐ কাজগুলো শিশু নির্যাতনের সংজ্ঞার আওতায় পড়বে।

৩. শিশু সুরক্ষা : এই নীতিমালার আওতায় শিশু সুরক্ষা বলতে এনডিপি-এর নীতিমালার বর্ণিত দায়িত্ব-কর্তব্য, গৃহীত উদ্দ্যোগ ও কর্মকান্ডকেই বোঝানো হয়েছে যা শিশুকে উদ্দেশ্যমূলক কিংবা অনিচ্ছামূলক যেকোন প্রকারের ক্ষতি থেকে সুরক্ষার জন্য রক্ষাকবচ হিসাবে কাজ করবে।

গ. শিশু সুরক্ষা নীতিমালার ক্ষেত্র বা পরিধি :

কোন প্রকারের সীমাবদ্ধতা ছাড়াই এনডিপি-এর জন্য কিংবা এনডিপি-এর পক্ষ হয়ে কাজ করছেন এমন যেকোন ব্যক্তির ক্ষেত্রেই শিশু সুরক্ষা নীতিমালা প্রযোজ্য।

১. সকল পর্যায়ের কর্মী: এনডিপি-এর মাঠ পর্যায় এবং সদর দপ্তরের কর্মরত সকল কর্মীগণ।

২. এনডিপি-এর সাথে যারা সহযোগী হিসাবে কাজ করছেন: এনডিপি-এর সহযোগীদের মধ্যে সংস্থার পরিচালনা পর্যদের সদস্যবর্গ, দাতা ব্যক্তিবর্গ, পরামর্শক ও ঠিকাদারগণ অর্ন্তভুক্ত।

৩. এনডিপি-এর পরিদর্শকগণ: পরিদর্শক (যেমন দাতাগোষ্ঠীর সদস্য, সাংবাদিক, গণমাধ্যম প্রতিনিধি, গবেষক, বিশিষ্ট ব্যক্তিবর্গ) যারা এনডিপি-এর মাধ্যমে শিশুদের সাথে কিংবা শিশুদের সংস্পর্শে কাজ করে তারাও এই শিশু সুরক্ষা নীতিমালা বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট থাকবেন।

ঘ. শিশু সুরক্ষা নীতিমালার আওতায় দায়িত্ব-কর্তব্যের বন্টন

এনডিপি-এর কর্মী, সহযোগী এবং পরিদর্শকগণ:

১. কখনই তাদের কোন কাজ কিংবা আচরণে কোন শিশুকে অনৈতিক বা ঝুকিপূর্ণ কাজে ব্যবহার এবং কিংবা নির্যাতন করবেন না যা কোন শিশুকে ঝুঁকিপূর্ণ অবস্থার মধ্যে ফেলে দিতে পারে।

২. শিশু নির্যাতন হলে কিংবা শিশু সুরক্ষা বিষয়ে কোন প্রকারের সংশয় বা উদ্বেগ প্রকাশ পেলে সংশ্লিষ্ট স্থানীয় অফিস বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের কাছে জানাবেন।

৩. কোন শিশু কারো দ্বারা নির্যাতিত বা শোষিত হলে বিষয়টি সেখানকার স্থানীয় অফিস কর্তৃপক্ষকে প্রতিবেদন আকারে জানাবেন।

৪. শিশু সুরক্ষা নষ্ট হয়েছে এরকম কোন সংশয় বা উদ্বেগ প্রকাশ পেলে এবং কারো বিরুদ্ধে অভিযোগ করা হলে তদন্তকাজে পুরো সহযোগীতা করবেন এবং এক্ষেত্রে সার্বিক গোপনীয়তা বজায় রাখবেন।

৫. শিশুরা যাতে উপযুক্ত সম্মান পায় এবং তাদের নিজেদের সমস্যা ও অধিকার নিয়ে আলাপ-আলোচনা করতে উৎসাহিত হয় এমন পরিবেশ তৈরিতে ভূমিকা রাখবেন।

৬. কোন শিশুর ছবি নেবার (ফটো কিংবা ভিডিও) আগে সব সময়ই শিশুর (অল্প বয়সী শিশু হলে তার বাবা-মা'র কাছে অনুমতি নেবেন) কাছ থেকে অনুমতি চাইবেন। কোন শিশুর ছবি নিলে ছবিটা যেন সম্মানজনক হয়েছে সেই বিষয়টি অবশ্যই নিশ্চিত করতে হবে। শিশুদের নিয়ে কোন গল্প বা ছবি প্রকাশ করার ক্ষেত্রে তাদের স্বার্থগুলোকে সবার আগে বিবেচনায় আনতে হবে।

৭. শিশু সুরক্ষার সাথে সম্পর্কিত কোন বিষয়ে এনডিপি-এর কোন কর্মী কিংবা সহযোগী কারো আচরণের বিষয়ে সংশয় বা উদ্বেগ থাকলে এবং কিংবা শিশু সুরক্ষা নীতিমালা ভঁঙ্গ হলে এই নীতামালার আলোকেই বিষয়টির তদন্ত হবে। অপরাধ বিষয়ক কোন অভিযোগের তদন্ত হলে সেটা সংশ্লিষ্ট দেশের আইন অনুযায়ী পরিচালিত হবে। অভিযোগ প্রমাণিত হলে সংস্থার নিয়ম অনুযায়ী এনডিপি অভিযুক্ত ব্যক্তি বা সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে। তদন্ত শেষে ফলাফল বা পরিণতি হিসাবে কর্মীর বিরুদ্ধে শাস্তি কিংবা চাকুরিচ্যুতিও ঘটতে পারে। শিশু নির্যাতনে সংশ্লিষ্ট কোন সহযোগী ব্যক্তি বা সংস্থার সাথে এনডিপি সকল প্রকারের সাংগঠনিক কাজের সর্ম্পক ছিন্ন করবে।

৮. যদি কারো বিরুদ্ধে শিশু নির্যাতেনের কোন অভিযোগ ওঠে এবং সেটা যদি তদন্তে প্রমাণিত না হয় তবে সেক্ষেত্রে যিনি বিষয়টি প্রতিবেদন আকারে জানাবেন তার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে না। তবে কোন কর্মী যদি উদ্দেশ্যমূলকভাবে কারো বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট কোন অভিযোগ করে তবে বিষয়টি প্রমাণিত হলে ঐ কর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এনডিপি-এর সাথে সম্পৃক্ত কোন সহযোগী কিংবা কোন পরিদর্শকও যদি কারো বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট কোন অভিযোগ করে তবে বিষয়টি প্রমাণিত হলে তার বিরুদ্ধে এনডিপি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।

এনডিপি-এর কর্মীরা যা কখনই করবেন না :

৯. কর্মসূচির আওতাধীন সহযোগীতা পাচ্ছে এরকম শিশু এবং তাদের পরিবারের সম্পর্কে ব্যক্তিগত গোপনীয় তথ্য প্রকাশ করবেন না। তবে এনডিপি-এর নীতিমালা ও পদ্ধতি অনুসারে কোন বিষয় জানানোর নির্দেশ থাকলে সেক্ষেত্রে ঐ তথ্য নিয়মমাফিক সংশ্লিষ্টদেরকে জানানো যাবে।

এনডিপি-এর সহযোগী ও পরিদর্শকরা যা কখনই করবেন না :

১০. কর্মসূচির আওতাধীন সহযোগীতা পাচ্ছে এরকম শিশু এবং তাদের পরিবার সম্পর্কে বিভিন্ন তথ্য এনডিপি-এর অনুমতি ছাড়া জনগণের কাছে প্রকাশ করা যাবে না।

ঙ. পেশাগত কাজের বাইরে ব্যক্তিগত আচার-আচরণ :

এনডিপি এ মর্মে প্রতিশ্রুতিবদ্ধ যে, সংস্থার সকল কর্মী ও প্রতিনিধিবর্গ যারা পেশাগত ও ব্যক্তিগত জীবনে শিশুদের প্রতি খুব ভাল ও মানসম্মত আচরণ প্রদর্শন করবেন।

এনডিপি-এর সুনাম কিংবা মর্যাদা ক্ষুন্ন করতে পারে- কর্মীদের এমন কোন বেআইনি কিংবা অসদাচরণ (অফিস চলাকালে কিংবা অফিসের বাইরের সময়ে) কখনই গ্রহণযোগ্য নয়। যৌন নির্যাতন, যেকোন প্রকারের বেআইনি কাজ, যৌন হয়রানি, শারীরিক নির্যাতন, মৌখিকভাবে গালিগালাজ এবং জন সমক্ষে কোন খারাপ আচরণ প্রভৃতি বিষয়গুলো কর্মীর খারাপ আচরণের মধ্যে পড়ে। তবে এর পরিধি এ তালিকায় লিপিবদ্ধ উদাহরণের মধ্যেই সীমিত নয়।

এনডিপি-এর সকল কর্মী এবং সহযোগিদের শিশু সুরক্ষার নীতির মৌলিক নীতিমালাগুলোকে মনে রাখতে হবে। সেইসাথে কর্মক্ষেত্রে এবং কাজের বাইরে তাদের আচরণের উপর মানুষ কিভাবে কতুটুকু নজর বা দৃষ্টি রাখছে সেই বিষয়ে তাদের নিজেদের মধ্যে সচেতনতা বাড়াতে হবে।

উপসংহার :

সংস্থা প্রবর্তিত শিশু সুরক্ষা নীতিমালাটি যথাযথ ব্যবহারে সবাই অনুপ্রানিত হবে। ফলশ্রুতিতে, শিশু সুরক্ষা ও শিশু অধিকার বাস্তবায়ন অধিকতর সহজ হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। যেহেতু, এটি সম্পর্ণ নতুন একটি নীতিমালা, তাই সংশ্লিষ্টগণের পরামর্শক্রমে ভবিষ্যতে এটি আরও সমৃদ্ধ হবে বলে আশা করা যাচ্ছে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

শিশু সুরক্ষা নীতিমালা

ঘোষণা ও অঙ্গীকার পত্র

আমি, নিম্ন স্বাক্ষরকারী, এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, আমি 'এনডিপি-এর শিশু সুরক্ষা নীতিমালা' -এর একটি কপি বুঝে পেয়েছি, পড়েছি এবং এর মর্মার্থ অনুধাবন করেছি। আমি আরও ঘোষণা করছি যে, এই নীতিমালা, এর আওতাভূক্ত আচরনবিধি, সংযুক্ত প্রবিধান সমূহ এবং অন্য কোন সুনির্দিষ্ট দায়িত্ব যা আমার বর্তমান কাজের সাথে সম্পর্কযুক্ত; বা যা কিছু এই নীতিমালার আওতায় ভবিষ্যতে অন্তর্ভূক্ত হবে - এসকল কিছুই আমি মেনে চলতে বাধ্য থাকবো।

--- --

স্বাক্ষর (তারিখ)

নাম : ---

পদবী: ---

বর্তমান ঠিকানা:

গ্রাম: ------------------------- উপজেলা: ------------------- জেলা: --------------------------

স্থায়ী ঠিকানা:

গ্রাম:------------------------- উপজেলা: ------------------- জেলা:---------------------------